দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08 AUG 1994
পৃষ্ঠা ১১ কলাম ১

# সরকার বেসরকারী শিক্ষকদের সমস্যাবলী সমাধানের ব্যবস্থা গ্রহণ করিতেছে

............................................ শিক্ষামন্ত্রী

বাসস ॥ শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরুদ্দিন সরকার গতকাল (রবিবার) বলেন, বেসরকারী শিক্ষকদের সমস্যাবলী সমাধানের জন্য সরকার উহার প্রদত্ত অঙ্গীকার পুরণের জন্য ব্যবস্থা গ্রহণ করিতেছে। সরকার সামগ্রিকভাবে শিক্ষক সমাজের কল্যাণের জন্য সবসময় কাজ করিতে চায়। তিনি দেশের শিক্ষা ব্যবস্থার মান উন্নত করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। শিক্ষা মন্ত্রণালয়ের কনফারেন্স রুমে আহুত শিক্ষক সমিতি সমূহের জাতীয় ফেডারেশনের নেতৃবৃন্দের সঙ্গে আলোচনাকালে মন্ত্রী উপরোক্ত বক্তব্য রাখেন।

বৈঠকে বেসরকারী শিক্ষকদের নিকট প্রদত্ত অঙ্গীকারসমূহ বাস্তবায়নের অগ্রগতি নিয়া পর্যালোচনা করা হয় এবং উহা বাস্তবায়নের ব্যাপারে শিক্ষকদের সহযোগিতা কামনা করা হয়। টাইম-স্কেল এবং গ্রাচুইটি প্রবর্তনের ব্যাপারে কয়েকটি বিষয়ে বৈঠক মতৈক্যে পৌছায়। বিভিন্ন শিক্ষক সংস্থার নেতৃবৃন্দ শিক্ষকদের সুযোগ-সুবিধাকে বেতন এবং ভাতা হিসাবে অভিহিত করায় সরকারকে ধন্যবাদ জানান।

শিক্ষক সমিতির জাতীয় ফেডারেশনের সেক্রেটারী জেনারেল এম, শরিফুল ইসলাম, ভাইস প্রেসিডেন্ট মিসেস রহিমা খন্দকার এমপি, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির প্রেসিডেন্ট মোজাফফর হোসেন, সাধারণ সম্পাদক হাসানুল বারী, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট শওকত হোসেন, সহকারী মহাসচিব হাজেরা বেগম, বাংলাদেশ শিক্ষক সমিতির ( নুরুল্লাহ ) প্রেসিডেন্ট নুরুল্লাহ এবং বাংলাদেশ শিক্ষক সমিতির নেত্রী খোদেজা বেগম বৈঠকে যোগদান করেন।

শিক্ষা সচিব এরশাদুল হক, অতিরিক্ত সচিব খোদেজা আজম এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার মহাপরিচালক প্রফেসর এম, ইউনুস মিয়া এই সময় বৈঠকে উপস্থিত ছিলেন।